

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৩১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ: ১১ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-৪২৫-আইন/২০২৪।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ রেলওয়ের ক্যাডার বহির্ভূত কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা:—

- “৭। বিশেষ বিধান।—(১) তপশিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।
- (২) তপশিল-১ এর টেবিলের কলাম (১) এর ক্রমিক নং ১৪৫ ও ৪২৯ এর বিপরীতে কলাম (২) এর এন্ট্রিতে উল্লিখিত, যথাক্রমে, “গেইট কিপার” ও “গেটম্যান/গেট কিপার” পদে সরাসরি নিয়োগের জন্য কলাম (৩) এ সর্বোচ্চ বয়সসীমা যাহাই উল্লেখ থাকুক না কেন, উক্ত পদসমূহে অন্যান্য ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের জন্য সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা শুধু একবারের জন্য ৪২ (বিয়াল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুপম আনোয়ার
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৯২৩১)

মূল্য : টাকা ৪.০০